# এমপিওভুক্ত শিক্ষকদের অবসরভাতা ৬ মাসে দেওয়া সম্ভব না: শিক্ষামন্ত্রী

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৭ জুন ২০২৪, ০২:২৭



UNIBOTS

**অবসরের ছয় মাসের মধ্যে এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের অবসরভাতা দেওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।**

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বুধবার (২৬ জুন) জাতীয় সংসদে স্বতন্ত্র সংসদ সদস্য মোসা. তাহমিনা বেগমের প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী জানান, বেসরকারি শিক্ষকদের অবসর ভাতা ও কল্যাণ ভাতা পাওয়ার ক্ষেত্রে সমস্যা সমাধানে সরকার আন্তরিক। এ খাতে পর্যাপ্ত অর্থ সংস্থান না থাকায় মূলত বেশি সময় লাগছে এবং সমস্যা তৈরি হচ্ছে।

তিনি জানান, অনিষ্পন্ন আবেদনের সংখ্যা বিবেচনায় ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মচারী অবসর সুবিধা বোর্ডের অনুকূলে ৩০১ কোটি ৭৫ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তাই এখন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এমপিওভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকসহ সব শিক্ষকের অবসর গ্রহণের ছয় মাসের মধ্যে অবসরভাতা দেওয়া সম্ভব নয়।

স্বতন্ত্র সংসদ সদস্য মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরীর প্রশ্নের জবাবে তিনি জানান, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত মাদরাসা রয়েছে ৮ হাজার ৩১4টি, মাদরাসা শিক্ষা বোর্ড অনুমোদিত মাদরাসার সংখ্যা ১৬ হাজার ১৭৯টি, স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসা সংখ্যা ৬ হাজার ৮৮৯টি, দাখিল ও আলিম মাদরাসার সংখ্যা ৯ হাজার ২৯০টি, এমপিওভুক্ত দাখিল মাদরাসা ৮ হাজার ২২৯টি, এমপিওভুক্ত আলিম মাদরাসা ৮৫টি।

স্বতন্ত্র সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদীর আরেক প্রশ্নে মহিবুল হাসান চৌধুরী জানান, বাংলাদেশে বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ১৮ হাজার ৯৬৮টি। এর মধ্যে ৫ হাজার ১৮4টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে।